গাংনীতে বিনামূল্যে স্বাস্থ্য ক্যাম্প

মেহেরপুরের গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। গাংনীতে দারিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি)কর্মসূচির আওতায় স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়।

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে এবং পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতি(পি এস কে এস) এর আয়োজনে আজ শনিবার, পলাশীপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে সকাল থেকে দুপুর পর্যন্ত গাংনী উপজেলা তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের তৃণমূল দরিদ্র জনগোষ্ঠীকে বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে এই স্বাস্থ্য ক্যাম্প পরিচালিত হয় ।

স্বাস্থ্য ক্যাম্পে বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা চর্ম,যৌন, এলার্জি, গাইনি ও চক্ষু চিকিৎসা সেবা প্রদান করা হয় ।

পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতির আয়োজনে স্বাস্থ্যসেবা ক্যাম্পে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতির সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী জামিদুল ইসলাম, ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি হাজী মোঃ আব্দুল লতিফ।

এছাড়াও ক্যাম্পে পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতির স্বাস্থ্য কর্মকর্তাগণ, সমাজ উন্নয়ন কর্মকর্তা ও স্বাস্থ্য পরিদর্শক বৃন্দ উপস্থিত ছিলেন।স্বাস্থ্য ক্যাম্পে মোট ৪১ জন গাইনী,৫৪ জন চর্ম যৌন এলার্জি এবং ৭২ জন চক্ষুসহ সর্বমোট ১৬৭ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়।

মেহেরপুরে বেগম নার্গিস আরার

মৃত্যুবার্ষিক উপলক্ষে দোয়া মাহফিল

প্রান্তিক সিনেমা হল এর স্বত্বাধিকারী মরহুম অ্যাডভোকেট আব্দুল হামিদ খান এর সহধর্মিনী মৃত বেগম নার্গিস আরার মৃত্যুবার্ষিক উপলক্ষে দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

আজ শুক্রবার বাদ জুম্মা মেহেরপুর শহরের আল আকসা জামে মসজিদে এ দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

দোয়া মাহফিলে মৃত অ্যাডভোকেট আব্দুল হামিদ খানের ছেলে আর খাঁন ডেকোরেটরের স্বত্বাধিকারী খোরশেদ হাসান খান ডালু, সাংবাদিক হিরক খাঁন উপস্থিত ছিলেন।

আল আকসা জামে মসজিদের ইমাম মোঃ শাজাহান কবির দোয়া পরিচালনা করেন।

এসময় আল আকসা জামে মসজিদের সহ: সম্পাদক ও নিশাত মার্কেটের স্বত্বাধিকারী মোঃ হাসানুজ্জামান নাটক,কোষাধক্ষ ও বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল মান্নান,সহকারী ইমাম সোলাইমান হোসেন সহ অন্যান্য মুসল্লীগণ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত

মুজিবনগরের দারিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি)কর্মসূচির আওতায় স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে এবং

পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতি (পি এস কে এস) এর আয়োজনে, আজ বৃহস্পতিবার সকাল থেকে দুপুর পর্যন্ত মুজিবনগর উপজেলা মোনাখালী ইউনিয়ন এর মোনাখালী কমিউনিটি ক্লিনিক প্রাঙ্গণে তৃণমূল দরিদ্র জনগোষ্ঠীকে বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে এই স্বাস্থ্য ক্যাম্প পরিচালিত হয় ।

স্বাস্থ্য ক্যাম্পে বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা মেডিসিন, গাইনি ও চক্ষু চিকিৎসা সেবা প্রদান করা হয় । স্বাস্থ্যসেবা প্রদান করেন একজন গাইনী স্পেশালিস্ট,একজন চক্ষু বিশেষজ্ঞ ডাক্তার ও একজন মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার সেবা প্রদান করেন । পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতির আয়োজনে স্বাস্থ্যসেবা ক্যাম্পে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতির মোনাখালী শাখার সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়কারী মোহাঃ হাসানুজ্জামান।

এছাড়াও ক্যাম্পে পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতির স্বাস্থ্য কর্মকর্তাগণ, সমাজ উন্নয়ন কর্মকর্তা ও স্বাস্থ্য পরিদর্শক বৃন্দ উপস্থিত ছিলেন স্বাস্থ্য ক্যাম্পে ১৬৬ জন রোগীকে সেবা প্রদান করা হয়।

এমএ খালেকের পক্ষে নির্বাচনী মাঠে নামলেন গাংনীর সাবেক মেয়র ও ইউপি চেয়ারম্যানরা

গাংনী উপজেলা পরিষদ নির্বাচনে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের বর্তমান চেয়ারম্যান এম এ খালেকের পক্ষে নির্বাচনী প্রচারণায় নামলেন গাংনী পৌরসভার সাবেক মেয়র ও উপজেলার সাতজন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান।

এরা হলেন, গাংনী পৌরসভার সাবেক মেয়র আশরাফুল ইসলাম, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, রায়পুর ইউনিয়ন পরিষদের

চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মু. আলম হুসাইন, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনোয়ার পাশা।

আজ বৃহস্পতিবার বিকালে এমএ খালেকের পক্ষে এক সাথে নির্বাচনী প্রচারনায় নামেন চেয়ারম্যানবৃন্দরা।

এ-উপলক্ষ্যে গাংনী উপজেলা শহরের মন্ডল সুপার মার্কেটের সামনে এক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গাংনী পৌর আওয়ামী লীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলুর সভাপতিত্বে অনুষ্ঠিত নির্বাচনী প্রচারণা ও সমাবেশে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা পরিষদ নির্বাচনের প্রার্থী এমএ খালেক।

এসময় অন্যান্যদের মধ্যে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ- সভাপতি ও বামন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, জেলা স্বেচ্ছাসেবকলীগের মেহেরপুর জেলা শাখার সভাপতি আরিফুল ইসলাম সোবহান, স্থানীয় আওয়ামী লীগ নেতা মইনাল হক, গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিকসহ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মী উপস্থিত ছিলেন।

পরে উপজেলা শহরের বিভিন্ন স্থানে একসাথে চেয়ারম্যান প্রার্থী এম এ খালেক গনসংযোগ ও লিফলেট বিতরণ করেন।

এর আগে এমএ খালেকের পক্ষে বিরাট মোটরসাইকেল শোডাউন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে সকলকে ঐক্যবদ্ধ হয়ে আনারস মার্কা প্রতীকে ভোট দেওয়ার আহবান জানান নেতৃবৃন্দ।

মেহেরপুরে সরকারিভাবে ধান-চাল

ক্রয়ের উদ্বোধন

মেহেরপুরে অভ্যন্তরীণ বোরো সংগ্রহ অভিযান ২০২৪ উদ্বোধন করা হয়েছে। “সরকারি গুদামে কৃষকের ধান, বাঁচবে কৃষক বাঁচবে প্রান। কৃষক এখন অনেক খুশি, ধানের দাম পাচ্ছে বেশি” এই স্লোগানে আজ বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে সদর উপজেলা খাদ্য গোডাউনে আনুষ্ঠানিক ভাবে ধান, চাল ক্রয়ের উদ্বোধন করেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

মেহেরপুর জেলা খাদ্য বিভাগ অয়োজিত ধান, চাল, গম ক্রয়ের উদ্বোধন অনুষ্টানে সভাপতিত্ব করেন জেলা খাদ্য নিয়ন্ত্রক এম এম ইকবাল হোসেন। সদর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) দেবদূত রায়ের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন- কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিজয় কৃষ্ণ হালদার, উপজেলা নির্বাহী অফিসার কাজী নাজীব হাসান, জেলা নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহমুদ, কৃষক আবুল কালাম আজাদ, খুশি রাইচ মিলের সত্বাধিকারী আজিরুল ইসলাম প্রমুখ।

জেলা খাদ্য নিয়ন্ত্রক এম এম ইকবাল হোসেন জানান- জেলায় ৪৫ টাকা কেজি দরে ১৬০১ মেট্রিক টন চাল, ৩২ টাকা কেজি দরে ১৮১২ মেট্রিক টন ধান, ৩৪ টাকা কেজি দরে ২২২০ মেট্রিক টন গম সংগ্রহের কার্যক্রম চলবে ৩১ আগস্ট পর্যন্ত।

উদ্বোধন অনুষ্ঠানে আমঝুপি খাদ্য গোডাউন কর্মকর্তা রেবেনা পারভিনসহ কৃষক ও চালকল মালিক সমিতির সদস্যরা উপস্থিত ছিলেন।

গাংনীতে আমিন মিষ্টান্ন ভান্ডারে অভিযান, ১ লাখ টাকা

জরিমানা আদায়

মেহেরপুরের গাংনী উপজেলা শহরে অপরিচ্ছন্ন পরিবেশে মিষ্টি তৈরী, সংরক্ষণ ও বিক্রির অভিযোগে আমিন মিষ্টান্ন ভান্ডারের সত্বাধিকারী রাশেদুল ইসলামকে এক লাখ টাকা জরিমানা করা হয়েছে। এ সময় ৫০ কেজি পঁচা মিষ্টি ধ্বংস করা হয়েছে।

আজ বুধবার (১৫ মে) দুপুরের দিকে গাংনী উপজেলা শহরের বড়বাজার এলাকায় এই অভিযান পরিচালনা করা হয়।

আদালত পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলার সহকারী পরিচালক সজল আহমেদ। অভিযানে সহযোগিতা করেন গাংনী উপজেলা স্যানিটারি অফিসার মশী উর রহমান, মেহেরপুর জেলা কৃষি বিপনন কর্মকর্তা আব্দুর রাজ্জাক ও গাংনী থানা পুলিশের একটি দল।

জাতীয় ভোক্তা অধিকার অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ জানান, দোকানের পণ্যের গায়ে উৎপাদন তারিখ, মেয়াদ উর্ত্তীণের তারিখ, সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য, দৃশ্যমান স্থানে পণ্যের মূল্য তালিকা লটকিয়ে প্রদর্শন না করা এবং অবৈধ প্রক্রিয়ায় দই, মিষ্টি তৈরি, সংরক্ষণ ও বিপননের অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ২০০৯-এর ৩৭ ও ৩৯ ধারায় এক লাখ টাকা জরিমানা আরোপ এবং আদায় করা হয়েছে।

উল্লেখ্য, আমিন মিষ্টান্ন ভান্ডারে একই অভিযোগে এর আগে জেলা ও গাংনী উপজেলা প্রশাসন এবং জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণের অভিযানে একাধিকবার জরিমানা আদায় করা হয়েছে। প্রতিবারই তাকে নিয়মনীতি ও পরিস্কার পরিছন্ন উপায়ে মিষ্টি ও দই তৈরী সংরক্ষণ ও বিপননের নির্দেশনা দিলেও নিয়মনীতি পালন করেন না তিনি।

মেহেরপুরে হেরোইন মামলায় যাবজ্জীবন কারাদণ্ড

মেহেরপুরে একটি মাদক মামলায় মজনু হক ওরফে মজনু নামের এক হেরোইন ব্যবসায়ীকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড, ২০ হাজার টাকা জরিমানা, অনাদায় আরও ৬ মাসের কারাদণ্ড দিয়েছে আদালত।

সাজাপ্রাপ্ত মজনু মেহেরপুরের গাংনী উপজেলার কামারখালী ভাইট পাড়ার হাবিবুল মন্ডল এর ছেলে।

আজ মঙ্গলবার (১৪ এপ্রিল) বিকেলে মেহেরপুরের অতিরিক্ত দায়রা জজ আদালতের বিচারক রিপতি কুমার বিশ্বাস এ রায় দেন।

মামলার বিবরণে জানা গেছে, ২০১৬ সালের ১৩ ডিসেম্বর মেহেরপুর জেলা গোয়েন্দা শাখার (ডিব) পুলিশের উপপরিদর্শক (এস আই) জালাল উদ্দিনের নেতৃত্বে একটি দল গোপন সূত্রে খবর পেয়ে বামুন্দি এলাকা থেকে মজনুকে আটক করেন। ঐ সময় তার নিকট থেকে ৩০ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

ঐ ঘটনায় ১৯৯০ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৯ এর (১) ধারার টেবিলের (খ) ধারায় গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। যার মামলার নং ১। গাংনী থানা। জিআর মামলা নং ৩৪৫/২০১৬। পরে মামলার তদন্তকারী কর্মকর্তা প্রাথমিক তদন্ত শেষে আদালতে চার্জশিট দাখিল করেন।

মামলায় মোট ১২ জন সাক্ষী তাদের সাক্ষ্য প্রদান করেন।

এতে আসামি মজনু সন্দেহাতীতভাবে দোষী প্রমাণিত হওয়ায় আদালত তাকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড, ২০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরো ৬ মাসের কারাদণ্ডাদেশ দেন।

মামলায় রাষ্ট্রপক্ষে অতিরিক্ত পিপি কাজী শহিদুল হক এবং আসামি পক্ষে অ্যাডভোকেট রাকিবুল ইসলাম রুবেল কৌশলী ছিলেন।

মুজিবনগরে কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণের শুভ উদ্বোধন

মুজিবনগরে কৃষি ভর্তুকির আওতায় কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার বেলা সাড়ে এগারোটার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে, উপজেলা পরিষদ চত্বরে ২০২৩-২৪ অর্থ ‘বছরে খরিপ-১ মৌসুমে আউশ উফশী ও গ্রীষ্মকালীন পেঁয়াজ ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন এবং ২০২৩-২৪ অর্থ বছরে সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ভর্তুকিতে বিভিন্ন যন্ত্র বিতরণের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমেন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলু, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা মাশরুবা আলম, নবনির্বাচিত উপজেলা ভাইস চেয়ারম্যান বি এম জাহিদ হাসান রাজিব উপস্থিত থেকে কৃষি উপকরণ বিতরণের শুভ উদ্বোধন করেন।

এবারের কৃষি ভর্তুকির আওতায় ৪টি হারভেস্টার মেশিন,১টি ভুট্টা মাড়াই মেশিন এবং উপজেলার ৩৫০০ জন কৃষকের মাঝে ৫ কেজি আউশ ধান বীজ এবং রাসায়নিক সার বিতরণ করা হবে।

মুজিবনগরে নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যান কে ফুলেল শুভেচ্ছা

মুজিবনগর উপজেলা পরিষদ নির্বাচনে নবনির্বাচিত চেয়ারম্যান মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের (সাবেক) সাধারণ সম্পাদক, মহাজনপুর ইউনিয়ন পরিষদের (সাবেক) চেয়ারম্যান আমাম হোসেন মিলু কে ফুল দিয়ে

শুভেচ্ছা জানিয়েছেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম।

আজ মঙ্গলবার সকালে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এই শুভেচ্ছা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলার নবনির্বাচিত ভাইস চেয়ারম্যান ডি এম জাহিদ হাসান রাজিব, উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন, উপজেলা কৃষি অফিসার আব্দুল মমিন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাশরুবা আলম, সহকারী প্রকৌশলী শিহান হোসেন।

ভোটের লড়াই থেকে সরে গিয়ে সিন্ডিকেটের বিরুদ্ধে লড়াই চালাবো- শফিকুল আলম

ভোটের লড়াই থেকে সরে গিয়ে সিন্ডিকেটের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাবার অঙ্গিকার করলেন গাংনী উপজেলা পরিষদ নির্বাচনের চেয়ারম্যান প্রার্থী জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও সাবেক উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট এ কে এম শফিকুল আলম।

দ্বিতীয় ধাপে অনুষ্ঠিতব্য ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী একেএম শফিকুল আলম। তার প্রতীক কাপ পিরিচ। আজ মঙ্গলবার (১৪ এপ্রিল) দুপুরের দিকে তার নিজ বাসভবনে স্থানীয় সাংবাদিকদের সাথে ব্রিফিং দিয়ে তিনি নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন।

এসময় তার ভাই স্থানীয় আওয়ামীলীগ নেতা ইছার উদ্দীন, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলী, মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজের অবসরপ্রাপ্ত প্রভাষক মুরাদ হোসেন, আব্দুল বারী, মনিরুল ইসলাম, আমজাদ হোসেন, আব্দুল ওয়াদুদ, প্রধান মন্ত্রীর ফটো সাংবাদিক সাইফুল ইসলাম কল্লোলসহ কয়েকজন কর্মী সমর্থক উপস্থিত ছিলেন।

চেয়ারম্যান প্রার্থী এ কে এম শফিকুল আলম বলেন, নির্বাচনে প্রচারনা শুরু হবার পর আমি লক্ষ করলাম, প্রচার প্রচারনায় ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের সাথে যতটুকু লড়াই করতে হচ্ছে তার চেয়ে বেশি লড়াই করতে হচ্ছে একটি সিন্ডিকেটের সাথে। আগে নির্বাচন করতে গিয়ে অভিজ্ঞতা ছিলো না যে, আগে সিন্ডিকেটের সাথে পরে প্রার্থীদের সাথে লড়াই করতে হবে। লড়াই আমাকে দুটো করতে হচ্ছে। আমাকে সিন্ডিকেট ও প্রার্থীদের সাথে এক সাথে লড়াই করতে হচ্ছে। যা অন্যরা শুধু প্রার্থীদের সাথেই করছে। আবার দীর্ঘদিনের চেনা মানুষকে মাঝে মাঝে অচেনা মনে হতে লাগলো। আমি লক্ষ করলাম ভোটের লড়াই ও সিন্ডিকেটের লড়াই দুটো লড়াই এক সাথে করা যাবেনা। আমি সিদ্ধান্ত নিয়েছি আমি একটা লড়াই জাগি রাখবো একটা লড়াই বন্ধ করবো। তাই আমি ভোটের লড়াই থেকে সরে যাচ্ছি তবে সিন্ডিকেটের বিরুদ্ধে লড়াই আমি চালিয়ে যাবো। এজন্য আমি নির্বাচন থেকে সরে গেলাম এটাই ফাইনাল কথা। আমার যারা শুভাকাঙ্খী আছেন, তাদের একটা কথাই বলবো এই নির্বাচনে সিন্ডিকেট যেদিকে থাকবে, আমার এবং আমার প্রিয় মানুষগুলো তার বিপক্ষে থাকবে। আমি সিন্ডিকেট বিরোধী ছিলাম এবং আগামীতে থাকবো। আপনারা আমার কথাটার মানে বুঝে সেইভাবে আপনাদের অবস্থান নেবেন।আগামী দিনে ভাল কিছইু হবে।

তিনি আরও বলেন, গাংনী উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী হিসেবে দাঁড়ানোর ক্ষেত্রে তিনজন ব্যক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তাদের মধ্যে রয়েছেন গাংনী পৌরমেয়র আহমেদ আলী, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ ও রাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু। আমি তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমি নির্বাচনে দাঁড়িয়ে মানুষের ব্যাপক সমর্থন পেয়েছি।

আমি নির্বাচন থেকে সরে দাঁড়ালেও আপনাদের কাছ থেকে সরে যাচ্ছিনি। আপনাদের সাথে সম্পর্ক আমার আগের মত অটুট থাকবে। আপনাদের পাশে থাকবো। বিপদে আপদে আগে যেমন ছিলাম, ভবিষ্যাতেও থাকবো। তেমন কোনো পরিবর্তন হবেনা।

উল্লেখ্য, ষষ্ঠ উপজেলা নির্বাচনের গাংনীতে মোট ১০ জন প্রার্থী মনোনয়ন দাখিল করলেও মজিরুল ইসলাম ও ওয়াসিম সাজ্জাদ লিখন প্রত্যাহার করে নেন। পরে গতকাল রবিবার (১২ এপ্রিল) পারিবারিক ও ব্যাক্তিগত কারণ দেখিয়ে নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন সাবেক এমপি পত্নি লাইলা আরজুমান বানু শিলা ও ১৩ এপ্রিল সরে

দাঁড়ানোর ঘোষণা দেন উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন।

বর্তমানে মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও বর্তমান চেয়ারম্যান এমএ খালেক, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদকসহ ৫ জন চেয়ারম্যান প্রার্থী ও ৬ জন ভাইসচেয়ারম্যান প্রার্থী নির্বাচনী মাঠে রয়েছেন।